UNITED PEOPLES DEMOCRATIC FRONT (UPDF)
ইউনাইটেড পিপল্‌স ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ)

(A political party based in the Chittagong Hill Tracts, Bangladesh)

Mailing Address :Swanirbhar bazaar, Khagrachari, Northern Chittagong Hill Tracts, Bangladesh.

Email. updfcht@yahoo.com Website: www.updfcht.org

Ref: ***Date:*** *২৬ জানুয়ারি ২০১৩*

প্রেস বিজ্ঞপ্তি

মাটিরাঙ্গায় পাহাড়ি গ্রামে সেটলারদের হামলা : ইউপিডিএফের নিন্দা ও প্রতিবাদ

ইউনাইটেড পিপল্‌স ডেমোক্রেটিক ফ্রন্ট(ইউপিডিএফ)-এর খাগড়াছড়ি জেলা ইউনিটের প্রধান সমন্বয়ক প্রদীপন খীসা আজ ২৬ জানুয়ারি ২০১৩ শনিবার এক বিবৃতিতে খাগড়াছড়ির মাটিরাঙ্গা উপজেলার হরিধন মারমা পাড়া সহ পার্শ্ববর্তী পাড়ায় গতকাল ২৫ জানুয়ারি শুক্রবার রাত ৯টার দিকে সেটলার কর্তৃক হামলা, বাড়িঘরে অগ্নিসংযোগ ও লুটপাটের ঘটনায় গভীর উদ্বেগ প্রকাশ করেছেন এবং এ ঘটনার তীব্র নিন্দা ও প্রতিবাদ জানিয়েছেন।

বিবৃতিতে তিনি ঘটনার বর্ণনা দিয়ে বলেন, গতকাল শুক্রবার রাত আনুমানিক ৮টার দিকে মাটিরাঙ্গার উপজেলার ১০ নং রাবার বাগান এলাকার বটতলী নামক স্থানে একটি ইটভাটায় অজ্ঞাত পরিচয়ধারীদের হামলায় ফারুক হোসেন(১৯) নামে এক শ্রমিক নিহত ও আবুল হোসেন (৫৫) ও মো. শাহজাহান (৩০)নামে দু'জন আহত হওয়ার ঘটনাকে কেন্দ্র করে সেটলাররা উত্তেজনা সৃষ্টি করে এবং পাহাড়ি বিরোধী শ্লোগান দিয়ে প্রতিশোধমূলকভাবে পাহাড়িদের গ্রামে হামলা চালায়। এ সময় পাহাড়িরা সবাই জঙ্গলে পালিয়ে গেলে সেটলাররা হরিধন মারমা পাড়া ও হেমঙ্গ কার্বারী পাড়ায় (বাদু কার্বারী পাড়া) হামলা চালিয়ে পাহাড়িদের বাড়িঘরে অগ্নিসংযোগ, ভাঙচুর ও লুটপাট করে। এ সময় সেটলাররা একটি বৌদ্ধ বিহার ভাংচুর ও জিনিসপত্র লুটপাট, পাহাড়িদের কয়েকটি বাড়িতে অগ্নিসংযোগ ও বাড়িঘরে ব্যাপক লুটপাট চালায়।

বিবৃতিতে তিনি আরো বলেন, সাম্প্রদায়িক বিষবাষ্প ছড়িয়ে পার্বত্য চট্টগ্রামে অস্থিতিশীল পরিস্থিতি সৃষ্টি করতে একটি শক্তিশালী মহল তৎপর রয়েছে। যার ফলে যে কোন ঘটনাকে কেন্দ্র করে সেটলাররা পাহাড়িদের গ্রাম ও বাড়িঘর টার্গেট করে হামলা পরিচালনা করে থাকে। এ ঘটনাও তার ব্যতিক্রম নয়।

বিবৃতিতে তিনি মিডিয়ার সমালোচনা করে বলেন, ইতিমধ্যে কিছু কিছু মিডিয়ায় ইটভাটা শ্রমিকদের ওপর হামলা ও একজন শ্রমিককে হত্যার ঘটনার সাথে ইউপিডিএফকে জড়িয়ে সংবাদ পরিবেশন করা হয়েছে। যা সর্বৈব মিথ্যা, বানোয়াট ও উদ্দেশ্যপ্রণোদিত। ইটভাটার শ্রমিকদের ওপর হামলা ও চাঁদা দাবির সাথে ইউপিডিএফের কোন সংশ্লিষ্টা নেই। ইউপিডিএফকে বেকায়দায় ফেলার জন্য এ ঘটনার সাথে ইউপিডিএফকে জড়ানো হচ্ছে। এর আগেও বিভিন্ন ঘটনার সাথে এভাবে ইউপিডিএফকে জড়িয়ে মিথ্যা সংবাদ পরিবেশন করা হয়েছিল। তিনি বস্তুনিষ্ট সংবাদ পরিবেশনের জন্য সকল সংবাদ মাধ্যমের প্রতি আহ্বান জানান।

বিবৃতিতে তিনি অবিলম্বে পাহাড়ি গ্রামে হামলা, অগ্নিসংযোগ ও লুটপাটের সাথে জড়িত সেটলারদের বিরুদ্ধে আইনী পদক্ষেপ গ্রহণের দাবি জানিয়েছেন। একই সাথে তিনি ইটভাটার শ্রমিকদের ওপর হামলা ও হত্যার ঘটনা সুষ্ঠু তদন্তপূর্বক ঘটনার সাথে জড়িতদের খুঁজে বের করে আইনের আওতায় নিয়ে আসার জন্যও প্রশাসনের প্রতি আহ্বান জানান।

বার্তা প্রেরক

নিরন চাকমা
প্রচার ও প্রকাশনা বিভাগ
ইউপিডিএফ